আলমডাঙ্গায় উপজেলা চেয়ারম্যানের কম্বল বিতরণ

গতকাল শনিবার সন্ধ্যায় আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান গরিব মানুষদের মাঝে কম্বল বিতরণ করেছেন।

জেহালা ইউনিয়নের মুন্সিগঞ্জ, নাগদাহ ইউনিয়নের জোরগাছা ও আইলহাঁস ইউনিয়নের খাসবাগুন্দা ও লক্ষীপুর গ্রামের শীতার্ত মানুষের মাঝে তিনি এ কম্বল বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন আতিকুর রহমান, মানিকসহ অন্যান্য ব্যক্তিবর্গর।

আলমডাঙ্গায় ব্যবসায়ীসহ দুই জনকে জরিমানা

আলমডাঙ্গা জেলা নির্বাহী ম্যাজিষ্ট্রেট এর অভিযানে হোটেল ব্যবসায়ী ও মোটরসাইকেল আরোহীকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শনিবার বিকাল ৫টার দিকে পৌর এলাকার আনন্দধাম ব্রিজের নিকট এ অভিযান পরিচালনা করেন।

এ সময় হোটেল ব্যবসায়ী সিরাজুল ইসলামকে ৫শত টাকা ও মোটরসাইকেল আরোহী বিপুলকে ২শত টাকা জরিমানা করেন।

ভ্রাম্যমাণ আদালতে উপস্থিত ছিলেন জেলা নির্বাহী ম্যাজিষ্ট্রেট জান্নাতুল ফেরদৌস, নির্বাহী ম্যাজিষ্ট্রেট ফিরোজ হোসেন ও আলমডাঙ্গা থানার এএসআই আব্দুল হালিম সঙ্গীয় ফোর্সসহ উপস্থি ছিলেন।

আলমডাঙ্গায় হাসান কাদির গনু’র গণসংযোগ

আসন্ন আলমডাঙ্গা পৌর নির্বাচন উপলক্ষে উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু পথসভা ও নির্বাচনী গণসংযোগ করেছে।

গতকাল শনিবার সন্ধ্যা ৭টার দিকে পৌর এলাকার কলেজপাড়ায় এ নির্বাচনী পথ সভা ও গণসংযোগ করেন।

নির্বাচনী গণসংযোগে পৌর মেয়র হাসান কাদির গনু বলেন, চলমান করোনা ভাইরাসের কারণে আলমডাঙ্গা পৌর এলাকার উন্নয়নে বাধা সৃষ্টি হয়েছে। ইতোমধ্যে পৌর এলাকার বিভিন্ন রাস্তার কাজ শেষ হলেও অনেক রাস্তা নির্মাণের অপেক্ষায় আছে। দ্রুতই শুরু হচ্ছে এসব রাস্তা নির্মাণের কাজ।

পৌর এলাকায় জলাবদ্ধতা নিরাসনের জন্য গুরুত্ব দেওয়া হয়েছে ড্রেন নির্মাণে সেটির কাজও চলমান রয়েছে। তিনি জনগণের উদ্দেশ্যে আরও বলেন, আমাকে আবারো ভোট দিয়ে নির্বাচিত করুন। আলমডঙ্গা পৌর শহরকে একটি আধুনিক পৌর নগরী হিসেবে আপনাদের উপহার দিবো।

নির্বাচনী পথ সভায় উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক মিডিল, সেলিম, মাসুম, রমজান, মুন্নি, বাপ্পি, শুভ, চমক, পাপ্পু, সিফাত, উৎস, মেহেদী, তারিক, সবুজ, সুমন, সিহাব, সাকিব, মানিক, আশিক, সোহেল প্রমুখ।

কুষ্টিয়ায় বিএনপি কার্যালয়ে

ভাঙচুর করেছে দুর্বৃত্তরা

কুষ্টিয়া জেলা বিএনপির কার্যালয়ে হামলা চালিয়ে ভাঙচুর করেছে একদল দুর্বৃত্ত। শনিবার বিকেল সাড়ে চারটার দিকে শহরের এনএস রোডে পাবলিক লাইব্রেরির সামনে অবস্থিত ওই কার্যালয়ে এ হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে।

গতকাল শুক্রবার দিবাগত রাতে শহরের পাঁচ রাস্তার মোড়ে নির্মাণাধীন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাঙচুরের ঘটনার ১৫ ঘণ্টার মধ্যে বিএনপি কার্যালয়ে ভাঙচুরের ঘটনা ঘটল। তবে দুটি ঘটনায় পুলিশ এখনও কাউকে আটক করতে পারেনি।

জেলা বিএনপির সভাপতি সৈয়দ মেহেদী আহম্মেদ জানান, দুপুরে কার্যালয়ে বৈঠক করেন তাঁরা। বেলা তিনটার দিকে নেতা–কর্মীরা কার্যালয় ছেড়ে বাড়ি চলে যান। কার্যালয় খোলা রেখে সেখানে একজন পিয়ন ছিলেন। বিকেল পৌনে পাঁচটার দিকে জানতে পারেন কার্যালয়ে হামলা চালিয়ে ভাঙ্চুর করা হয়েছে।

সৈয়দ মেহেদী আহম্মেদ বলেন, একদল সন্ত্রাসী হামলা চালিয়ে তাঁদের কার্যালয় ভাঙচুর করেছে। কার্যালয়ে থাকা চেয়ার–টেবিল ভাঙচুর করেছে। বিষয়টি পুলিশকে জানানো হয়েছে। এ ঘটনার তীব্র নিন্দা ও দোষীদের দ্রুত গ্রেপ্তারের দাবি জানান তিনি।

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের বিষয়ে জানতে চাইলে সৈয়দ মেহেদী আহম্মেদ মন্তব্য করেন, ‘যারাই করুক, এটা তো উচিত হয়নি।’

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে কুষ্টিয়ায় শ্রমিক লীগের বিক্ষোভ

কুষ্টিয়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে জেলা জাতীয় শ্রমিক লীগ।

শনিবার বিকেলে জেলা শ্রমিক লীগের উদ্যোগে শহরের পৌরসভা চত্বর থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে বঙ্গবন্ধু সুপার মার্কেটের সামনে গিয়ে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তারা কুষ্টিয়ায় বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের সাথে জড়িতদের গ্রেফতারের দাবি জানান। সেই সাথে ভাস্কর্যের বিরোধিতাকারীদের বিরুদ্ধে ঐক্য গড়ে তুলতে সকলের প্রতি আহ্বান জানান।

এতে উপস্থিত ছিলেন- কুষ্টিয়া জেলা জাতীয় শ্রমিক লীগের সাধারণ সম্পাদক আমজাদ আলী খান, যুগ্ম-সাধারণ সম্পাদক মতিউর রহমান, হামিদুল ইসলাম, শাহিনুল ইসলাম লেবু, সহ-সাধারণ সম্পাদক বাদশা আলমগীর, মীম আহমেদ, সাংগঠনিক সম্পাদক তরিকুল হাসান মিন্টু প্রমুখ।

দর্শনায় বাউল পরিষদের উদ্যোগে ব্যাডমিন্টন প্রতিযোগিতা

জেলার একমাত্র লোকজ সাংস্কৃতিক সংগঠন বাউল পরিষদের প্রয়াত প্রতিষ্ঠাতা ইসরাইল হোসেন স্মৃতি ব্যাডমিন্টন প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

গতকাল সন্ধ্যায় দর্শনা আকুন্দবাড়িয়া বাউল পরিষদের আয়োজনে অনুষ্ঠিত ব্যাডমিন্টন প্রতিযোগিতার উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি দর্শনা থানার অফিসার্স ইনচার্জ মাহাবুবুর রহমান।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, খেলা-ধুলা করলে মন ও শরীর ভাল থাকে। চুপচাপ থাকলে শয়তানে মনে বাসা বাঁধে। আমি দর্শনা এলাকায় অনেকটাই মাদক মুক্ত করতে পেরেছি। খেলা-ধুলাই বেশি ব্যস্ত থাকলে মাদক থেকে দূরে থাকা যায়।

দর্শনা বাউল পরিষদ চত্বরে অনুষ্ঠিত ব্যাডমিন্টন প্রতিযোগিতা

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বাউল পরিষদের ও দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দর্শনা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন, সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, হানিফ মন্ডল ও দারগা মাজহারুল হক।

আলোচনা শেষে দর্শনা থানার অফিসার্স ইনচার্জ উপস্থিত সাধারণ দর্শকের মধ্যে মাস্ক বিতরণ করেন। অনুষ্ঠান পরিচালনা করেন সাংবাদিক আহসান হাবিব মামুন।

ঝিনাইদহে যুবলীগের চেয়ারম্যানের জন্মদিন পালন

ঝিনাইদহে বাংলাদেশ আওয়ামী যুবলীগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান শেখ ফজলুল হক মনির ৮১তম জন্মদিন পালন করা হয়েছে। গতকাল রাতে সদর থানা যুবলীগের আয়োজনে দলটির জেলা কার্যালয়ে এ উপলক্ষে আলোচনার সভার আয়োজন করা হয়।

সদর থানার যুবলীগের আহ্বায়ক শাহ মোহাম্মদ ইব্রাহিম খলিল রাজা এর সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক রাজু আহম্মেদ, পৌর যুবলীগের যুগ্ম আহ্বায়ক আব্দুল্লাহ আল মামুন, যুবলীগ নেতা ইখতিয়ার উদ্দিন, আশরাফুল ইসলামসহ যুবলীগের নেতাকর্মীরা। অনুষ্ঠানটি পরিচালনা করেন যুবলীগ নেতা নাজমুল হাসান মাহাদি।

আলোচনা সভা শেষে জন্মদিনের কেক কাটা হয়। এসময় বক্তারা, যুবলীগের নেতাকর্মীদের ত্যাগের মনোভাব নিয়েই বঙ্গবন্ধুর আদর্শ ও লক্ষ্যকে সামনে রেখে এগিয়ে যাওয়ার আহ্বান জানান।

হলিধানী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৪তলা ভবন ও বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন

ঝিনাইদহের হলিধানী ইউনিয়নের হলিধানী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৪তলা একাডেমী ভবন, বঙ্গবন্ধু ও মুক্তিযোদ্ধা কর্ণার উদ্বোধন উপলক্ষে ইউনিয়ন আওয়ামী লীগ ও যুবলীগের উদ্যোগে সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল ৪টায় ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী মাধ্যমিক বিদ্যালয় মাঠে এই সভা অনুষ্ঠিত হয়। হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি হাসেম মিয়ার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ -২ আসনের সংসদ সদস্য তাহ্জীব আলম সিদ্দিকী সমি।

বিশেষ অতিথি হিসেবে ছিলেন জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন, ২নং মধুহাটী ইউনিয়নের চেয়ারম্যান ফারুক আহম্মেদ জুয়েল, যুবলীগের যুগ্ম আহ্বায়ক রাজু আহমেদ, থানা যুবলীগের আহ্বায়ক ইব্রাহীম খলিল রাজা, যুগ্ম আহ্বায়ক হারুনুর রশিদ। ইউনিয়ন যুবলীগের আহ্বায়ক বজলুর রশীদ। ইউনিয়ন কৃষক লীগের সভাপতি আজিজুর রহমান আজিজ প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন বিজয়ের এই মাসে আমরা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন পূরণে প্রধান মন্ত্রীর নিদের্শ মোতাবেক দেশকে উন্নত বিশ্বের দরবারে মাথাউচু করে দাঁড় করানোর জন্য শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল অবকাঠামো উন্নয়নে কাজ করে যাচ্ছি।

তিনি আরও বলেন আপনারা আমার ভাই আপনার আমার পাশে খাকবেন। আলোচনা শেষে প্রধান অতিথি হলিধানী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৪তলা একাডেমী ভবন, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধা কর্ণার উদ্বোধন করেন।

কোটচাঁদপুরে মাস্ক ব্যবহারে ইউএনও’র অভিযান অব্যহত

করোনার দ্বিতীয় ঢেউ মোকাবিলায় মাস্ক ব্যবহার নিশ্চিত করতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা অব্যহত রেখেছে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন।

মাস্ক ব্যবাহার নিশ্চিত করতে প্রশাসনের পক্ষ থেকে জনসচেতনতার পাশা-পাশি বয়স্ক শিশুদের মাঝে মাস্ক বিতরণ করেন ইউএনও।

শনিবার সন্ধ্যায় উপজেলার তালশার, জালালপুর ও গুড়পাড়া বাজার এবং পৌর শহরের কলেজ বাসস্ট্যান্ড এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে মাস্ক ব্যবহার এবং স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরুত্ব বজায় না রাখার অপরাধে বিভিন্ন দোকানে ২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন জানান, করোনার দ্বিতীয় ঢেউ মোকাবিলায় সামাজিক দূরুত্ব বজায় ও স্বাস্থ্যবিধি মেনে মাস্ক ব্যবহারের ওপর ব্যাপক জনসচেতনতা ও প্রচার চালানো হচ্ছে। মাস্ক ব্যবহার নিশ্চিত করতে এই অভিযান অব্যহত থাকবে।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জহুরুল ইসলাম, সহকারী প্রোগ্রামার জিয়াউল ইসলাম, বেঞ্চ সহকারি সুব্রতসহ আনসার ও পুলিশের একটি টিম।

গাংনীর রাস্তার কার্পেটিংয়ে বিটুমিনের পরিবর্তে পোড়া মবিল ব্যবহারের অভিযোগ

মেহেরপুর গাংনী উপজেলার চোখতোলা ধর্মচাকী রাস্তার কার্পেটিংয়ে বিটুমিনের পরিবর্তে পোড়া মবিল ব্যবহারের অভিযোগ উঠেছে। ফলে

১২ঘন্টা পার হতে না হতে খোয়া উঠতে শুরু করেছে।

চোখতোলা ধর্মচাকী ১৫০০মিটার রাস্তা পাকাকরণের জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর থেকে প্রায় ৭০ লাখ টাকা বরাদ্দ দেয়।

এলাকাবাসীর অভিযোগ, ঠিকাদার উপজেলা প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তাদের সঙ্গে আঁতাত করে বিটুমিনের পরিবর্তে পোড়া মবিল দিয়ে রাস্তার কার্পেটিংয়ের কাজ শেষ করেন। প্রথম থেকেই স্থানীয় লোকজন কাজের মান নিয়ে প্রশ্ন তুললেও ঠিকাদারসহ সংশ্লিষ্ট বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের কেউ তা কর্ণপাত করেননি।

গত বৃহস্পতিবার সকালে কাজ শেষের মাত্র ১২ঘন্টার মাথায় রাস্তার কার্পেটিং ওঠে গেলে এলাকাবাসী ক্ষিপ্ত হয়ে উঠেন। রাস্তা নির্মাণে অনিয়ম হলে শনিবার বিকেলে কাজের সাইডে দেখা গেছে নির্মাণ কৃত রাস্তার বিভিন্ন জায়গায় ইঞ্জিনিয়ারের নির্দেশে সংস্কার করছেন ঠিকাদার।

সৈনিক লীগ নেতা জিয়াউল হক জিয়া বলেন, কাজটি করেছেন স্থানীয় ঠিকাদার মকলেছুর রহমান। রাস্তাটি পাইলিংএজিংগের সময় রাস্তার পার্শে আড়াই ইঞ্চি দূরে দূরে ইট দেওয়া হয়েছে। এছাড়ও ২নংও ৩নং ইটের খোয়া ব্যবহার করা হয়েছে।

বর্তমানে রাস্তাটিতে কার্পেটিংয়ে কাজ চলছে বিটুমিনের পরিবর্তে পোড়া মবিল ব্যবহার করার কারণে ১২ঘন্টা পার হতে না হতে খোয়া উঠতে শুরু করেছে। রাস্তায় নিম্নমানের সামগ্রী ব্যবহার করা হলেও উপজেলা প্রকৌশলী গোলাপ আলী শেখ কাজ তদারকী না করে অফিসে বসে থাকেন।

এ কাজের মান নিয়ে এলাকাবাসী প্রশ্ন তুলে বলেন, ঠিকাদার মকলেছুর রহমান দীর্ঘদিন ধরে এই রাস্তাটি নির্মাণ করছেন সে রাস্তায় নিম্নমানের সামগ্রী দিয়ে রাস্তা করেছে। বর্তমানে কার্পেটিংয়ে বিটুমিনের পরিবর্তে পোড়া মবিল ব্যবহার করছে। ফলে রাস্তার খোয়া উঠতে শুরু করেছে।

গাংনী উপজেলা প্রকৌশলী গোলাপ আলী শেখ যোগদান করার পর থেকে গাংনী উপজেলার বিভিন্ন রাস্তা নির্মাণে নিম্নমানের সামগ্রী ব্যবহার করে কাজ করছেন ঠিকাদার প্রতিষ্ঠান। বিষয়টি এলাকাবাসী এলজিইডি কর্তৃপক্ষের দৃষ্টি কামনা করছেন।

এনিয়ে ঠিকাদার মখলেছুর রহমান জানান, কাজ খারাপ করা হয়নি। বিটুমিনের চেয়ে মবিলের দাম বেশি। তাই বিটুমিন কম দিয়ে কাজ করানোর অভিযোগ ঠিক না। অন্যান্য জায়গার তুলনায় কাজ ভাল হচ্ছে।

এব্যাপারে উপজেলা প্রকৌশলী গোলাপ আলী শেখ জানান, রাস্তায় বিটুমিনের পরিমাণ কম দেয়ায় এ ধরনের ঘটনা ঘটেতে পারে।

শুক্রবার আমি কাজের সাইডে যেতে পারিনি শনিবার সকালে আমি গিয়েছিলাম। কোন কোন জায়গায় কিছুটা খারাপ ছিল। আমি আমার স্টাফকে নির্দেশনা দিয়েছি। এখন থেকে আর রাস্তার কাজ নিম্নমানের হবে না। ১ মাস না হলে বোঝা যাবেনা। তবে নিউজটি করার দরকার নেই।